



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.wewb.gov.bd

বিষয়: ১৭ নভেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তারিখ : ১৭ নভেম্বর, ২০২১
সময় : ৩.০০ টা
স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

	আলোচনা	শুদ্ধাচার কর্মপরিকল্পনার উপর বিস্তারিত আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত সমূহ
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ দ্বিতীয় কোয়ার্টারের উপর আলোচনা ও পর্যালোচনা সভা।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (আইআরপি) কর্মপরিকল্পনা অনুযায়ী করণীয় যাবতীয় কার্যক্রম সভায় তুলে ধরেন। প্রথম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাপতি জানতে চাইলে পরিচালক (আইআরপি) জানান প্রথম কোয়ার্টারের পরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। দ্বিতীয় কোয়ার্টারে পরিকল্পনা অনুযায়ী বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদেরকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholders) অংশ গ্রহণের সভা এবং দুর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক কর্মশালা/সভা যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা দেন এবং সকল কার্যক্রমের ডকুমেন্ট ও তথ্য চিত্র সংরক্ষণ পূর্বক মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনের সহিত সংযুক্ত করার মতামত দেন। সভাপতি শুদ্ধাচার কৌশল সংক্রান্ত যাবতীয় বিষয় কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করে আপডেট রাখার জন্য পরিচালক (আইআরপি)কে মনিটরিং করার নির্দেশনা প্রদান করেন।	১. বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের জাতীয় শুদ্ধাচার সম্পর্কে অবহিতকরণ ও এতদসংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণের সভা ডিসেম্বর, ২০২১ এর তৃতীয় সপ্তাহের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩. দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে একটি কর্মশালা/সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৪. সকল কার্যক্রমের ডকুমেন্ট ও তথ্যচিত্র প্রতিবেদনের সহিত সংযুক্ত করে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)

ও

সভাপতি
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি